গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ পাটকল করপোরেশন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। বিগত সময়ে সংস্থাটি পাটশিল্পের সাথে জড়িত বিশাল জনগোষ্ঠি - কৃষক, শ্রমিক, ব্যবসায়ী, কর্মচারীদের আর্থ-সামাজিক নিরাপত্তা বেষ্টনী হিসেবে কাজ করে এসেছে। বিজেএমসি ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থ বছরে কৃষকদের কাছ থেকে সরাসরি সর্বমোট ১১৬,৫৪২.২ মে. টন কাঁচা পাট ক্রয় করেছে। স্থানীয় ও বৈদেশিক বাজার হতে ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে সর্বসাকুল্যে ১৯১১.৮৮ কোটি টাকা আয় করেছে; তন্মধ্যে রপ্তানী আয় ৮৭৪.১৪ কোটি টাকা। পাট হতে সোনালী ব্যাগ উৎপাদন এবং পরীক্ষামূলকভাবে পাট পাতার পানীয় তৈরীতে প্রাথমিক সাফল্য অর্জিত হয়েছে। বিজেএমসি'র আধুনিক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ইলেকট্রনিক টেন্ডার (e-GP) প্রক্রিয়া চালু হয়েছে। বর্ণিত সময়ে বিজেএমসি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৩৬৬০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান এবং বিজেএমসি স্পোর্টস টীমের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রায় শতাধিক পদক অর্জনের কৃতিত্ব রয়েছে। প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারি-শ্রমিকদের দীর্ঘদিনের পুঞ্জীভুত বকেয়া পরিশোধ এবং সরকারি বিনিয়োগের পরিবর্তে বেসরকারি বিনিয়োগ ও ব্যবস্থাপনায় রাষ্ট্রায়ত্ব পাটকলসমূহ চালানোর সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ০১-০৭-২০২০ তারিখে মিলসমূহের উৎপাদন বন্ধ ঘোষণা করত: স্থায়ী শ্রমিকদের চাকুরীর অবসান ঘটানো হয়। ৩১-১২-২০২০ তারিখের মধ্যে অবসানকৃত স্থায়ী শ্রমিকদের ৯০.০৪%এর চাকুরীর পাওনাদি পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট পাওনাদি পরিশোধের কার্যক্রম চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সরকারি বিনিয়োগের পরিবর্তে বেসরকারি বিনিয়োগ ও ব্যবস্থাপনায় রাষ্ট্রায়াত্ব পাটকলসমূহ চালানোর সরকারি সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রায়ত্ব মিলসমূহ সরকারি নিয়ন্ত্রণ/ পিপিপি/ জিটুজি/ লিজ প্রক্রিয়ায় চালু করাই বিজেএমসি'র অন্যতম প্রধান চ্যালেঞ্জ। উৎপাদন বন্ধকৃত মিলসমূহের অবসায়নকৃত শ্রমিকদের সকল পাওনাদি পরিশোধ করা। মিলের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি প্রদান নিশ্চিত করা। অবসরপ্রাপ্ত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের পিএফ ও গ্রাচুইটির অর্থ পরিশোধ করা। পাটপণ্যের বহুমুখীকরণ এবং ব্যবহার বিষয়ে সচেতনতা সৃষ্টি। রাষ্ট্রায়ত্ব পাটকলসমূহে বৈদেশিক/ দেশীয় বিনিয়োগ আকর্ষণ করা। বেসরকারি মিলসমূহের আধুনিকায়নে সরকারি সিদ্ধান্তের বাস্তবায়ন করা। ব্যবস্থাপনার সকল পর্যায়ে প্রযুক্তির প্রয়োগ করা। ব্যবহার উপযোগী জমিসহ সকল সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা। বিজেএমসি'র অবসায়নকৃত শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের মাধ্যম প্রাতিষ্ঠানিক স্বীকৃতিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের নির্বাচনী ইশতেহার - ২০১৮, রুপকল্প - ২০৪১, SDG ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসহ বিভিন্ন নীতি পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন করা। বিজেএমসি'র বন্ধ ঘোষিত সকল মিল পর্যায়ক্রমে সরকারি নিয়ন্ত্রণে/ পিপিপি/ জিটুজি/ লিজ প্রক্রিয়ায় চালু করা। বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ ও ৪র্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে বেসরকারি ব্যবস্থাপনায় মিলসমূহ আধুনিকায়ন এবং অভ্যন্তরীণ-আর্ন্তজাতিক বাজার সম্প্রসারণ করা। বিজেএমসি'র ব্যবস্থাপনার সকল পর্যায়ে আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ। পাটপণ্যের বহুমুখিকরণে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং গবেষণামূলক কার্যক্রম পরিচালনা করা। সোনালী ব্যাগের বাণিজ্যিক উৎপাদন চালু করা। মিলগুলোর ব্যবহার উপযোগী জমিসহ সকল সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরা। সর্বোপরি বিজেএমসিকে আত্মনির্ভরশীল প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বন্ধঘোষিত নিয়ন্ত্রণাধীন পাটকলসমূহের ১৫% বেসরকারি বিনিয়োগ ও ব্যবস্থাপনায় চালু করা;
- সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারীকে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান;
- অবসায়নকৃত শ্রমিকদের উচ্চতর দক্ষতা বৃদ্ধি (Upskilling) ও প্রত্যয়ন শীর্ষক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
- ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু;
- দেশী/বিদেশী উদ্যোক্তাদের নিয়ে ২টি সেমিনার/ ওয়েবিনার আয়োজন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

অবকাঠামো ও সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে পাটখাতের উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিজেএমসির নিয়ন্ত্রণাধীন মিলসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় চালু করে পাটপণ্যের দেশীয় ও আন্তর্জাতিক চাহিদা পূরণে ভূমিকা রাখা, আধুনিকায়ন, বিনিয়োগ আকর্ষণ, কর্মসংস্থান সৃষ্টি, পাটশিল্পের জন্য দক্ষ জনবল সৃষ্টি, সম্পদের যথাযথ ব্যবহার ও প্রযুক্তি নির্ভর ব্যবস্থাপনার মাধ্যমে বিজেএমসিকে আত্মনির্ভরশীল প্রতিষ্ঠানে পরিণত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নিয়ন্ত্রণাধীন পাটকলসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা
২. পাটশিল্পের জন্য দক্ষ জনবল সৃষ্টি
৩. তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ ও সম্প্রসারণ
৪. পাটশিল্পে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নিয়ন্ত্রণাধীন পাটকলসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা
২. পাটপণ্যের বহুমুখী ব্যবহারে গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম পরিচালনা করা
৩. আধুনিকায়নের মাধ্যমে নিয়ন্ত্রণাধীন পাটকলসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি করা
৪. পাটশিল্পের জন্য দক্ষ জনবল সৃষ্টি
৫. পাটশিল্পে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ
৬. তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ ও সম্প্রসারণ
৭. পাটশিল্পে সরকারি নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| পাটজাত পণ্যের জাতীয় রপ্তানিতে অবদান রাখা | মোট পাটজাত পণ্য রপ্তানিতে বিজেএমসি'র অংশ | % | ১৪.০৪ | ৭.০০ (সরকারি সিদ্ধান্তে মিলসমূহের উৎপাদন বন্ধ) | ------ | ------ | ------- | রপ্তানি উন্নয়ন ব্যুরো/ বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বিজেএমসি / বিজেএমএ / ইপিবি/ বিবিএস/ বাংলাদেশ ব্যাংক। |
| বন্ধ ঘোষিত ২৫টি রাষ্ট্রায়ত্ত্ব পাটকল বেসরকারি বিনিয়োগ ও ব্যবস্থাপনায় পর্যায়ক্রমে পুনঃচালুকরণের মাধ্যমে জিডিপিতে অবদান রাখা | মিল ইজারা প্রদান | % | ------ | ------ | ১৫% | ৩০% | ৪০% | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বিজেএমসি/ বাংলাদেশ ব্যাংক/ বিবিএস |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নিয়ন্ত্রণাধীন পাটকলসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা | ৩৩ | [১.১] অবসায়নকৃত স্থায়ী শ্রমিকদের পাওনাদি পরিশোধ | [১.১.১] পাওনাদি পরিশোধিত | গড় | % | ৫ | | ৯০.৪ | ৪.৬ | ৪ | ৩ | ২.৫ | | ২ | ৩ |
| | | [১.২] মেশিনারী রক্ষণাবেক্ষণসহ মিলসমূহের সার্বিক মনিটরিং কার্যক্রম পরিচালনা করা | [১.২.১] পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৬৫ | ২৫ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ৩০ | ৪০ |
| | | | [১.২.২] মিলসমূহের ত্রৈমাসিক প্রতিবেদন গৃহীত | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ১০০ | ১০০ |
| | | | [১.২.৩] মিলসমূহের ত্রৈমাসিক প্রতিবেদনের ভিত্তিতে ফিডব্যাক প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [১.৩] মিলসমূহের এন্টারপ্রাইজ বোর্ড সভা আয়োজন | [১.৩.১] এন্টারপ্রাইজ বোর্ড সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | | ২৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ৫ | ৫০ | ৫০ |
| | | [১.৪] মিলের সার্বিক বিষয়ে প্রকল্প প্রধানদের নিয়ে সভা আয়োজন | [১.৪.১] সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [১.৫] বন্ধ ঘোষিত মিলসমূহের ইজারা প্রদানের প্রক্রিয়া সম্পাদন | [১.৫.১] RFP আহবায়িত | তারিখ | তারিখ | ৪ | | | ১৫.০৯.২১ | ৩০.০৯.২১ | ১৪.১০.২১ | ৩১.১০.২১ | | | |
| | | | [১.৫.২] RFP মূল্যায়িত | তারিখ | তারিখ | ৩ | | | ১৩.০১.২২ | ৩০.০১.২২ | ১০.০২.২২ | ২০.০২.২২ | | | |
| | | | [১.৫.৩] মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি | তারিখ | তারিখ | ৩ | | | ২৮.০২.২২ | ১০.০৩.২২ | ২৪.০৩.২২ | ৩১.০৩.২২ | | | |
| | | | [১.৫.৪] ইজারা চুক্তি সম্পাদিত | তারিখ | তারিখ | ২ | | | ২৬.০৬.২২ | ২৮.০৬.২২ | ২৯.০৬.২২ | ৩০.০৬.২২ | | ৩০ | ৪০ |
| | | | [১.৫.৫] ইজারা চুক্তি সম্পাদিত মিলসমূহ | সমষ্টি | % | ১ | | | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] পাটশিল্পের জন্য দক্ষ জনবল সৃষ্টি | ১৭ | [২.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারী (পুরুষ) | সমষ্টি | জন | ৫ | ১১২৬ | ৬৪৩ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | ১০০ | ১০০ |
| | | | [২.১.২] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারী (নারী) | সমষ্টি | জন | ৫ | ১৩২ | ১৪৫ | ২৫ | ২০ | ১৫ | ১২ | | ২৫ | ২৫ |
| | | [২.২] SEIP কর্মসুচির গাইডলাইন অনুযায়ী শ্রমিকদের উচ্চতর দক্ষতা বৃদ্ধি ও প্রত্যয়ন শীর্ষক প্রকল্প গ্রহণ | [২.২.১] SEIP কর্মসুচির আওতায় প্রস্তাব প্রণীত | তারিখ | তারিখ | ৬ | | | ১৪.১০.২১ | ৩১.১০.২১ | ১১.১১.২১ | | | | |
| | | | [২.২.২] SEIP কর্মসুচির আওতায় প্রকল্প অনুমোদিত | তারিখ | তারিখ | ১ | | | ২৩.০৬.২২ | ২৭.০৬.২২ | ২৯.০৬.২২ | ৩০.০৬.২২ | | | |
| [৩] তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ ও সম্প্রসারণ | ১৪ | [৩.১] ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা | [৩.১.১] ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার চালুকৃত | তারিখ | তারিথ | ৪ | | | ২৩.০৬.২২ | ৩০.০৬.২২ | | | | | |
| | | [৩.২] মিলসমূহের জমির ডিজিটাল/এরিয়াল ম্যাপ তৈরী করা | [৩.২.১] মিলসমূহের জমির ডিজিটাল/এরিয়াল ম্যাপ তৈরীকৃত | তারিখ | তারিখ | ১০ | | | ৩১.১০.২১ | ৩০.১১.২১ | | | | | |
| [৪] পাটশিল্পে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ | ৬ | [৪.১] দেশী/বিদেশী উদ্যোক্তাদের নিয়ে সেমিনার/ ওয়েবিনার আয়োজন | [৪.১.১] পাটশিল্পে বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে উদ্যোক্তাদের নিয়ে সেমিনার/ ওয়েবিনার আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৬ | | | ২ | ১ | | | | ৩ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| চেয়ারম্যান<br>বাংলাদেশ পাটকল করপোরেশন | তারিখ |
| সচিব<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয় | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | EPB | Export Promotion Bureau |
| ২ | SDG | Sustainable Development Goals |
| ৩ | SEIP | Skills for Employment Investment Program |
| ৪ | SIP | Small Improvement Project |
| ৫ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট করপোরেশন |
| ৬ | বিএফএসআইসি | বাংলাদেশ ফুড এন্ড সুগার ইন্ডাস্ট্রিজ করপোরেশন |
| ৭ | বিজেএমএ | বাংলাদেশজুট মিলস এসোসিয়েশন |
| ৮ | বিজেএমসি (BJMC) | বাংলাদেশ পাটকল করপোরেশন (Bangladesh Jute Mills Corporation) |
| ৯ | বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন |
| ১০ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিস্টিকস |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] অবসায়নকৃত স্থায়ী শ্রমিকদের পাওনাদি পরিশোধ | [১.১.১] পাওনাদি পরিশোধিত | হিসাব বিভাগ | অবসায়নকৃত শ্রমিকদের পাওনাদি পরিশোধ সংক্রান্ত প্রতিবেদন |
| [১.২] মেশিনারী রক্ষণাবেক্ষণসহ মিলসমূহের সার্বিক মনিটরিং কার্যক্রম পরিচালনা করা | [১.২.১] পরিদর্শন সম্পাদিত | প্রশাসন বিভাগ | পরিদর্শন প্রতিবেদন |
| | [১.২.২] মিলসমূহের ত্রৈমাসিক প্রতিবেদন গৃহীত | নিয়ন্ত্রণাধীন মিলসমূহ | মিলসমূহ প্রেরিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| | [১.২.৩] মিলসমূহের ত্রৈমাসিক প্রতিবেদনের ভিত্তিতে ফিডব্যাক প্রেরিত | এপিএ টিম | জারিকৃত ফিডব্যাক পত্র |
| [১.৩] মিলসমূহের এন্টারপ্রাইজ বোর্ড সভা আয়োজন | [১.৩.১] এন্টারপ্রাইজ বোর্ড সভা আয়োজিত | বোর্ড এন্ড কোম্পানী শাখা ও মিলসমূহ | ত্রৈমাসিক/ ষান্মাসিক / বার্ষিক প্রতিবেদন এবং সভার নোটিশ ও কার্যবিবরণী |
| [১.৪] মিলের সার্বিক বিষয়ে প্রকল্প প্রধানদের নিয়ে সভা আয়োজন | [১.৪.১] সভা আয়োজিত | প্রশাসন বিভাগ | ত্রৈমাসিক/ ষান্মাসিক / বার্ষিক প্রতিবেদন এবং সভার নোটিশ ও কার্যবিবরণী |
| [১.৫] বন্ধ ঘোষিত মিলসমূহের ইজারা প্রদানের প্রক্রিয়া সম্পাদন | [১.৫.১] RFP আহবায়িত | প্রশাসন বিভাগ ও বোর্ড | RFP আহবানের বিজ্ঞপ্তি |
| | [১.৫.২] RFP মূল্যায়িত | প্রশাসন বিভাগ ও বোর্ড | প্রণীত লিজ শিডিউল ও প্রতিবেদন |
| | [১.৫.৩] মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি | প্রশাসন বিভাগ ও বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পত্র |
| | [১.৫.৪] ইজারা চুক্তি সম্পাদিত | প্রশাসন বিভাগ ও বোর্ড | ইজারা চুক্তি সম্পাদনের দলিল |
| | [১.৫.৫] ইজারা চুক্তি সম্পাদিত মিলসমূহ | প্রশাসন বিভাগ ও বোর্ড | ইজারা চুক্তি সম্পাদনের দলিল |
| [২.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারী (পুরুষ) | প্রশিক্ষণ বিভাগ | মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক / বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারী (নারী) | প্রশিক্ষণ বিভাগ | মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক / বার্ষিক প্রতিবেদন |
| [২.২] SEIP কর্মসুচির গাইডলাইন অনুযায়ী শ্রমিকদের উচ্চতর দক্ষতা বৃদ্ধি ও প্রত্যয়ন শীর্ষক প্রকল্প গ্রহণ | [২.২.১] SEIP কর্মসুচির আওতায় প্রস্তাব প্রণীত | দায়িত্বপ্রাপ্ত কমিটি | প্রণীত প্রস্তাব |
| | [২.২.২] SEIP কর্মসুচির আওতায় প্রকল্প অনুমোদিত | দায়িত্বপ্রাপ্ত কমিটি | প্রকল্প অনুমোদন পত্র |
| [৩.১] ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা | [৩.১.১] ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার চালুকৃত | হিসাব বিভাগ | জারিকৃত পত্র ও সফ্টওয়্যার লিংক |
| [৩.২] মিলসমূহের জমির ডিজিটাল/এরিয়াল ম্যাপ তৈরী করা | [৩.২.১] মিলসমূহের জমির ডিজিটাল/এরিয়াল ম্যাপ তৈরীকৃত | প্রশাসন বিভাগ | প্রণীত প্রতিবেদন ও ম্যাপসমূহ |
| [৪.১] দেশী/বিদেশী উদ্যোক্তাদের নিয়ে সেমিনার/ ওয়েবিনার আয়োজন | [৪.১.১] পাটশিল্পে বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে উদ্যোক্তাদের নিয়ে সেমিনার/ ওয়েবিনার আয়োজিত | প্রশাসন ও পরিকল্পনা বিভাগ | ত্রৈমাসিক/ ষান্মাসিক / বার্ষিক প্রতিবেদন এবং সভার নোটিশ ও কার্যবিবরণী |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| SEIP কর্মসুচির গাইডলাইন অনুযায়ী শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প গ্রহণ | SEIP কর্মসুচির আওতায় প্রস্তাব প্রণীত | SEIP কার্যালয় | পত্র ও ব্যক্তিগত যোগাযোগ/ সভা |
| SEIP কর্মসুচির গাইডলাইন অনুযায়ী শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প গ্রহণ | SEIP কর্মসুচির আওতায় প্রকল্প অনুমোদিত | SEIP কার্যালয় | পত্র ও ব্যক্তিগত যোগাযোগ/ সভা |
| দেশী/বিদেশী উদ্যোক্তাদের নিয়ে সেমিনার/ ওয়েবিনার আয়োজন | পাটশিল্পে বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে উদ্যোক্তাদের নিয়ে সেমিনার/ ওয়েবিনার আয়োজিত | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও দ্বিপাক্ষিক সভা |
| বন্ধ ঘোষিত মিলসমূহের ইজারা প্রদানের প্রক্রিয়া সম্পাদন | মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও দ্বিপাক্ষিক সভা |
| বন্ধ ঘোষিত মিলসমূহের ইজারা প্রদানের প্রক্রিয়া সম্পাদন | ইজারা চুক্তি সম্পাদিত | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও দ্বিপাক্ষিক সভা |
| বন্ধ ঘোষিত মিলসমূহের ইজারা প্রদানের প্রক্রিয়া সম্পাদন | ইজারা চুক্তি সম্পাদিত মিলসমূহ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও দ্বিপাক্ষিক সভা |
| অবসায়নকৃত স্থায়ী শ্রমিকদের পাওনাদি পরিশোধ | পাওনাদি পরিশোধিত | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও দ্বিপাক্ষিক সভা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ